সংবাদ

তারিখ 4 APR 2017
পৃঃ ৩০ কলাম ৪

### ময়মনসিংহ প্রাইম সেন্ট্রাল কলেজ

# অধ্যক্ষের অবহেলায় প্রবেশপত্র বঞ্চিত ২৯ এইচএসসি পরীক্ষার্থী

**জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ**

ময়মনসিংহ জেলার এইচএসসি ও সমমানের পরীক্ষায় এবার ৬৩টি কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৪৪ হাজার ৯৪৮জন থাকলেও প্রবেশ পত্র না আসায় ময়মনসিংহের প্রাইম সেন্ট্রাল কলেজের ২৯ জন শিক্ষার্থীর এ বছর এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহন করতে পারিনি। শিক্ষার্থীদের অভিযোগ, কলেজ অধ্যক্ষের দায়িত্বহীনতার কারণেই তারা পরীক্ষা থেকে বঞ্চিত হলো। শিক্ষার্থী ও অভিভাবক সূত্রে জানা গেছে, পরীক্ষা দিতে না পারা শিক্ষার্থীরা শুরুতে অন্য কলেজে ভর্তি ছিলেন। পরে এরা বিভিন্ন কারণে টি.সি. নিয়ে প্রাইম সেন্ট্রাল কলেজে ভর্তি হন। পরীক্ষার ফরম পূরণের ও পরীক্ষা দেয়ার ব্যাপারে কলেজে কর্তৃপক্ষ এদের আশ্বস্থও করেন। এরপর এরা টাকা পয়সা দিয়ে ফরম পূরণও করেন। কিন্তু কলেজ কর্তৃপক্ষের অদূরদর্শিতা ও খামখেয়ালিপনার কারণে এরা শেষ পর্যন্ত পরীক্ষা দেয়া থেকে বঞ্চিত হয়ে শিক্ষার্থীদের শিক্ষা জীবন থেকে ঝড়ে গেল একটি বছর। এক পরীক্ষার্থী বলেন, ওই কলেজটিতে ভর্তি হওয়ার পর বিভিন্ন খাতে তারা একেকজন শিক্ষার্থীর কাছ থেকে প্রায় ২ লাখ টাকা করে আদায় করে। তবে কলেজে ঠিকমতো ক্লাস হতো না। কলেজের পরিবেশও ভাল ছিল না। এরপরও তারা পরীক্ষার জন্য তৈরি হয়েছিল। কিন্তু তারপরও তাদের আর পরীক্ষায় অংশগ্রহণ করা হলো না। একজন অভিভাবক বলেন, তিনি ছেলেকে অন্য কলেজ থেকে টি.সি. নিয়ে এসে এই কলেজে ভর্তি করিয়েছিলাম।